



[রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]

সাধারণ বীমা কর্পোরেশন SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০১.২৪. ২৪৭২

তারিখ: ২৭ জুন, ২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর 'উচ্চমান সহকারী (গ্রেড-১৪)' পদে নিয়োগের লক্ষ্যে গত ২৫-০৬-২০২৩ তারিখে ৩টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক ইত্তেফাক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Daily Star) স্মারক নম্বর-৫৩.০৭.০০০০.২০১.১৩.০৭১.২৩/১৬২৮ এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় তাঁদের নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা গত ২০-০৩-২০২৪ তারিখে বর্ণিত ৩টি জাতীয় দৈনিক পত্রিকায় এবং কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

উল্লেখ্য, আগামী ১৭ জুলাই, ২০২৪ তারিখের মধ্যে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের কেউ নিয়োগ পত্র না পেয়ে থাকলে তাঁদেরকে আগামী ১৮ জুলাই, ২০২৪ তারিখে সাধারণ বীমা কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ (৮ম তলা), প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০-এ যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

প্রসঙ্গক্রমে আরও উল্লেখ্য, নির্বাচিত সকল প্রার্থীকে যোগদানপত্রের সাথে যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। উক্ত অঙ্গীকারনামার নমুনা সংস্থার ওয়েবসাইট (www.sbc.gov.bd) থেকে ডাউনলোড করে নিতে হবে।

প্রার্থীদের নিয়োগ পত্রের নির্দেশনা অনুসারে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, নাগরিকত্বের সনদ এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ আগামী ২১ জুলাই, ২০২৪ খ্রিঃ পূর্বাঙ্কে ডেপুটি জেনারেল ম্যানেজার, মানব সম্পদ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

(মোঃ শাহীমুল ইসলাম বাবুল)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ফোন: ৪১০৫১৬১৮

shahimul.islam@sbc.gov.bd